

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে সালাতের বিবরণ পেশ করলাম, তাতে সাহাবীগণ পরস্পরকে পাহারা দিতেন মর্মে বর্ণনা

ذَكَرُ الْبَيَانَ بِأَنَّ الْقَوْمَ فِي الصَّلَاةِ الَّتِي وَصَفْنَاهَا كَانُوا يَحْرُسُونَ بَعْضُهُمْ بَعْضًا

আরবী

2869 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمَصَ قَالَ: حَدَّثَنَا كَثِيرُ بْنُ عُبَيْدٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ حَرْبٍ عَنِ الزُّبَيْدِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنِ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّ ابْنَ عَبَّاسٍ قَالَ: قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَامَ النَّاسُ مَعَهُ فَكَبَّرَ وَكَبَّرُوا مَعَهُ ثُمَّ رَكَعَ وَرَكَعَ مَعَهُ نَاسٌ مِنْهُمْ ثُمَّ سَجَدَ وَسَجَدُوا ثُمَّ قَامَ إِلَى الرَّكْعَةِ الثَّانِيَةِ فَتَأَخَّرَ الَّذِينَ سَجَدُوا مَعَهُ يَحْرُسُونَ إِخْوَانَهُمْ وَأَتَتِ الطَّائِفَةُ الْأُخْرَى فَرَكَعُوا مَعَ نَبِيِّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَجَدُوا وَالنَّاسُ كُلُّهُمْ فِي صَلَاةٍ يُكَبِّرُونَ وَلَكِنْ يَحْرُسُ بَعْضُهُمْ بَعْضًا.

الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2869 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1133).

বাংলা

২৮৬৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (ভীতিকালীন) সালাত আদায় করার জন্য দাঁড়ান। সাহাবীগণও তাঁর সাথে দাঁড়ান। তিনি তাকবীর দিলে তারাও তাকবীর দেন। তিনি রুকু‘ করলে, তার সাথে কিছু সাহাবীও রুকু‘ করেন। তারপর তিনি সাজদা করলে, তারাও সাজদা করেন। তারপর তিনি দ্বিতীয় রাকা‘াতে উঠেন। অতঃপর যারা তাঁর সাথে সাজদা করেছিলেন, তারা তাদের ভাইদের পাহারা দেওয়ার জন্য পিছে যান। আর অন্য দলের সাহাবীগণ সামনে আসেন। তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে রুকু‘ ও সাজদা করেন। সব সাহাবীই সালাতে ছিলেন। তারা তাকবীর দিতেন। তবে তারা একে অন্যকে পাহারা দিতেন।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৯৪৪; দারাকুতনী: ২/৫৮; নাসাঈ: ৩/১৬৯-১৭০; সুনান বাইহাকী: ৩/২৫৮; মুসনাদ আহমাদ: ১/২৬৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১৩৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92199>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন